

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিআর-৩ শাখা
www.mopa.gov.bd

নং-০৫.১০২.২২.০১.০০.০০১.২০১২-০৪


১৬ মাঘ, ১৪১৯
তারিখঃ
২৯ জানুয়ারি, ২০১৩

বিষয়ঃ জনপ্রশাসন মন্ত্রণালয় প্রণীত এসিআর সংক্রান্ত নতুন অনুশাসনমালার বিষয়ে কতিপয় পর্যবেক্ষণ।

সূত্রঃ নং-এসএস(এ)/গার্ড ফাইল/এসিআর অনুশাসনমালা/২০১২; তারিখঃ ০৫.১২.২০১২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ইতিপূর্বে পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ডিও পত্রের প্রেক্ষিতে বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসসমূহের বিভিন্ন উইং-এ কর্মরত অন্যান্য ক্যাডারের (পররাষ্ট্র ক্যাডার ব্যতীত) কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) লেখার ব্যাপারে অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা নির্ধারণ এর বিষয়ে ০৮.০১.২০০৩ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা হয়। সভায় পররাষ্ট্র, বাণিজ্য, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধিগণের উপস্থিতিতে সিদ্ধান্ত হয় যে, “(ক) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের বিভিন্ন উইং-এ কর্মরত পররাষ্ট্র ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাগণের এসিআর মিশন প্রধান/দূতাবাস প্রধান অনুবেদনকারী কর্মকর্তা হিসেবে স্বাক্ষর করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা হবেন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব যেমনঃ- কাউন্সেলর (শ্রম), প্রথম সচিব (শ্রম), দ্বিতীয় সচিব(শ্রম) এর ক্ষেত্রে সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। এরূপ অন্যান্য পদের ক্ষেত্রেও একই নিয়ম অনুসৃত হবে। (খ) যে সমস্ত মিশন বা দূতাবাসে চার্জ দ্য এ্যাফেয়ার্স (CDA) দায়িত্বে থাকবেন তাঁরা কোন এসিআর লিখবেন না। (গ) প্রকৃত অনুবেদনকারী কর্মকর্তা (RIO) ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা (CSO) ব্যতিরেকে নিজ পছন্দমত অন্য কোন অনুবেদনকারী কর্মকর্তা (RIO) ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা (CSO) থেকে এসিআর গ্রহণের কোন বিষয় মিশন/দূতাবাস লক্ষ্য করলে বিষয়টি সংস্থাপন মন্ত্রণালয়কে অবহিত করবেন। সংস্থাপন মন্ত্রণালয় এতদবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।” ০৬ ফেব্রুয়ারি, ২০০৩ তারিখে সম(সিআরসিপি-৩)-০৬/২০০২-১১৬ নং স্মারকে উক্ত সিদ্ধান্ত সম্বলিত পরিপত্র জারী করা হয়, যা বর্তমানেও প্রচলিত রয়েছে (কপি সংযুক্ত) ও অনুশাসনমালার ২.৬.৮ নং অনুচ্ছেদে সন্নিবেশিত রয়েছে এবং তা বহাল থাকবে। আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্তে না থাকায় ২৩ সেপ্টেম্বর, ২০১২ তারিখে জারীকৃত অনুশাসনমালার ২.৬.৯ নং অনুচ্ছেদ বাতিল করা হ’ল।

পররাষ্ট্র সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়


(শেলিনা খানাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৫০৩৯৩
sascr3@mopa.gov.bd

অনুলিপিঃ (সদয় অবগতি ও কার্যার্থে)

১. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/বাণিজ্য মন্ত্রণালয়/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।